

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
নাটোর।  
fisheries.natore.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.৩০০

২০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ০৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ করা প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২৫ এর ১.১ ও ১.২ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড, প্রকাশ্যে প্রদর্শন ও উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। হালনাগাদের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের অনুসরণীয় নির্দেশনা হলো-

১. হালনাগাদকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সেবার আবেদন ফরম অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবা মূল্য, সেবার জন্য প্রয়োজনীয় ফরমেট/প্রস্তাবের ফরমেট লিংকসহ সংযুক্তকরণ, সেবা প্রদানের সময় সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবি, যোগাযোগের নম্বরসহ সকল বিষয় হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২. আওতাধীন দপ্তর না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করতে হবে, প্রতিবেদনে ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি এবং হালনাগাদকরণ সংক্রান্ত তথ্যাদি ও পরিবীক্ষণ কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে।

৩. হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ওয়েবলিংক/ সরকারি পত্র/ অফিস আদেশ/ ত্রৈমাসিক প্রতিবেদন ইত্যাদি প্রমাণক হিসেবে প্রেরণ ও সংরক্ষণ করতে হবে।

এমতাবস্থায়, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ত্রৈমাসিকভিত্তিতে ওয়েবসাইটে আপলোড, প্রকাশ্যে প্রদর্শন ও উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণে আওতাধীন দপ্তরের সকল কর্মকর্তার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করা হলো। বিষয়টি অতীব জরুরী এবং এর প্রতিপালন নিয়মিত পরিবীক্ষণ করা হবে।



০৪-০৭-২০২৪

ড. মো: আবুল কালাম আজাদ  
জেলা মৎস্য কর্মকর্তা

০২৫৮৮৮৭২৫৯০

dfonatore@fisheries.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর এবং
- ২। খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর।

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.৩০০/১ (২)

তারিখ: ২০ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ  
০৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এবং
- ২। উপপরিচালক(ফিল্ড সার্ভিস) (অতিরিক্ত দায়িত্ব), ফিল্ড সার্ভিসের দপ্তর, মৎস্য অধিদপ্তর।



০৪-০৭-২০২৪

ড. মো: আবুল কালাম আজাদ  
জেলা মৎস্য কর্মকর্তা